



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230.

Ref: বিজিএ/মেলা/২০২১/ ২৭৪

১৩ অক্টোবর ২০২১

সম্মানিত সদস্যদের জন্য

বিষয়: আগামী ১৭-২০ মার্চ, ২০২২ সময়ে OFEC Casablanca, Morocco তে অনুষ্ঠিতব্য "Morocco Fashion & Tex 2022", শীর্ষক মেলায় অংশগ্রহন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৭-২০ মার্চ, ২০২২ সময়ে OFEC Casablanca, Morocco তে "Morocco Fashion & Tex 2022" শীর্ষক একটি মেলা অনুষ্ঠিত হবে মর্মে ইপিবি তাদের ১১ অক্টোবর ২০২১ তারিখের স্মারক নং ২৬.০২.০০০০.০৩১.৫৮.৬২৯.২১-২৭০ মাধ্যমে জানায়।

প্রস্তাবিত মেলায় ৯ বর্গমিটার বুথের ফি টাকা ২, ৯১,০০০.০০ (দুই লক্ষ একানব্বই হাজার) নির্ধারণ করা হয়েছে। বুথ মূল্যের উপর প্রতিষ্ঠানের রপ্তানী আয় বিবেচনা পূর্বক ইপিবি কর্তৃক নির্ধারিত হারে ভতুর্কি প্রদান করা হবে।

উক্ত মেলায় অংশগ্রহনে আগ্রহী বিজিএমইএ'র সম্মানিত সদস্যদের ইপিবি'র নির্ধারিত ফরমে প্রয়োজনীয় তথ্যাদি, নিম্নে বর্ণিত কাগজপত্র ও পে-অর্ডারসহ আবেদন আগামী ৩১/১০/২০২১ ইং তারিখের মধ্যে বিজিএমইএ'র মেলা শাখায় (৩য় তলা) দাখিলের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল:

ক। অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, টেলিফোন, মোবাইল, ই মেইল ও ফ্যাক্স নাম্বারসহ লেটার হেড প্যাডে আবেদন করতে হবে।

খ। মেলায় অংশ গ্রহণের জন্য মনোনীত ব্যক্তির দুই কপি ছবিসহ নাম ও পদবী উল্লেখ করতে হবে। মনোনীত ব্যক্তি কে অবশ্যই কোম্পানীর সক্রিয় শেয়ার হোল্ডার ডাইরেক্টর হতে হবে।

গ। মনোনীত ব্যক্তির পাসপোর্টের ফটোকপি এবং বিভিন্ন দেশে ভ্রমণের ভিসাপাতাসহ ফটোকপি পাঠাতে হবে।

ঘ। যেসব পণ্য মেলায় প্রদর্শন করা হবে তার নাম (নীট, ওভেন ও সুয়েটার উল্লেখ পূর্বক) তালিকা সংযুক্ত করতে হবে।

ঙ। বিগত এক বছরের পিআরসি'র ফটোকপি দিতে হবে।

চ। কোম্পানী প্রোফাইল দিতে হবে।

ছ। মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অফ এসোসিয়েশন দিতে হবে।

জ। ইআরসি, ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেটের ফটোকপি দিতে হবে।

এ ব্যাপারে প্রয়োজনীয় তথ্যের জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা যেতে পারেঃ

১. মোঃ মজিবুর রহমান শাহীন, উপ-সচিব, মেলা শাখা, বিজিএমইএ, মোবাইলঃ ০১৮১৭-০৪৯৯৯৯৯

২. সিডান মাহমুদ প্লাবী, নির্বাহী, মেলা শাখা, বিজিএমইএ, মোবাইলঃ ০১৭২৭-৬৫৬৯৯৭

সংযুক্তিঃ

১। ইপিবি'র পত্র।

২। মেলায় অংশগ্রহনের জন্য ইপিবি'র আবেদন ফর্ম।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব



রপ্তানি উন্নয়ন ব্যুরো
মেলা ও প্রদর্শনী বিভাগ
টিসিবি ভবন ১, কাওরান বাজার
ঢাকা।



নং- ২৬.০২.০০০০.০৩১.৫৮.৬২৯.২১-২৭০


তারিখঃ ২৬ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
১১ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ আগামী ১৭-২০ মার্চ ২০২২ সময়ে OFEC Casablanca, Morocco তে Morocco Fashion & Tex 2022 শীর্ষক মেলায় অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ১৭-২০ মার্চ ২০২২ সময়ে OFEC Casablanca, Morocco তে Morocco Fashion & Tex 2022 শীর্ষক মেলা ফিজিক্যালি অনুষ্ঠিত হবে। মেলাটি গার্মেন্টস, ফ্যাশন এক্সসেসরিজ এবং টেক্সটাইল খাতের একটি মেলা। প্রস্তাবিত মেলায় ৯ বর্গমিটার আয়তনবিশিষ্ট বুথের ফি টা: ২,৯১,০০০.০০ (দুই লক্ষ একানব্বই হাজার) নির্ধারণ করা হয়েছে। বুথ মূল্যের উপর প্রতিষ্ঠানের রপ্তানি আয় বিবেচনা পূর্বক টেবিল উল্লেখিত হারে ভর্তুকি প্রদান করা হবেঃ

ক্রঃ নং	রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার	ক্যাটাগরী	ইপিবি প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	১০ এর উপরে	“ক”	২০%
০২	০৫-১০	“খ”	৩৫%
০৩	০৫ এর নীচে	“গ”	৪৫%
০৪	প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	“ঘ”	৫০%

০৩। বর্ণিতাবস্থায়, আপনার প্রতিষ্ঠান/সমিতির সদস্য প্রতিষ্ঠানসমূহ উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী হলে ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদনপত্র পূরণপূর্বক আবেদনপত্রে উল্লেখিত ডকুমেন্ট সংযুক্ত করে প্রযোজ্য হারে অংশগ্রহণ ফি ইপিবি-এর অনুকূলে পে-অর্ডার আকারে আগামী ৩১ অক্টোবর, ২০২১ তারিখের মধ্যে ইপিবি'র মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদন পত্রের ছক www.epb.gov.bd থেকে ডাউন লোড করা যাবে।


(মুনিরা শারমিন)
সহকারী পরিচালক (মেলা)

বিতরণ : সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (৬০, মতিঝিল সি/এ, ঢাকা। ইমেইল-fbcci@bol-online.com
০২. সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬৫-৬৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। ইমেইল - info@dhakachamber.com
০৩. সভাপতি, মেট্রপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ১২২-১২৪, মতিঝিল সি/এ, ঢাকা। ই-মেইল: info@mccibd.org
০৪. সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই) বিসিআইসি ভবন (৪র্থ তলা) ৩০/৩১ দিলকুশা, সি/এ ঢাকা। ই-মেইলঃ bci@bdcom.com, bci.bci.85@gmail.com
০৫. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী # ৭/৭এ, সেক্টর # ১৭, রক # এইচ-১, উত্তরা, ঢাকা। ই-মেইল: info@bgmea.com, fair@bgmea.com.bd
০৬. সভাপতি, বাংলাদেশ নীটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ), প্লানার্স টাওয়ার (১৩তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা। ই-মেইল: bkfair@bkmea.com
০৭. সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন, ইউনিক ড্রেড সেন্টার (লেবেল-৮), ৮, পাশ্বপথ, কাওরান বাজার, ঢাকা। E-mail: btmasg@gmail.com
০৮. সভাপতি, বাংলাদেশ স্পেশালাইজড টেক্সটাইল মিলস এন্ড পাওয়ারলুম ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন, পল্টন টাওয়ার (৩য় তলা), ৮৭ পুরানা পল্টন, ঢাকা-১০০০। bstmpia@yahoo.com
০৯. সভাপতি, বাংলাদেশ টেরী টাওয়্যেল লিলেন ম্যানুঃ এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, পল্টন টাওয়ার, ৮৭ পুরানা পল্টন লেন (সাউথষ্ট কর্নার), ঢাকা-১০০০। E-mail: btla@aitlbd.net
১০. সভাপতি, চিটাগাং উইম্যান চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, জাহান বিন্দিং-০৫ (৩য় তলা), ৭৪, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম। ইমেইল: cwccibdtdc@gmail.com info@cwcci.org
১১. প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা। বিজ্ঞপ্তিটি ইপিবি'র ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি (জ্ঞাতার্থে):

- ০১। পিএ টু ডিজি-১, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা। মহা-পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০২। পিএ টু পরিচালক (মেলা), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা। পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।